**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা ঢেলে সাজানোর জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত ঘোষণা করলেন

***রূপান্তরকারী পরিকল্পনা ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক চিকিৎসার ধারণক্ষমতা বৃদ্ধি করবে, বীমার আওতা উন্নত করবে এবং আউটপেশেন্ট সেবা নাটকীয়ভাবে সম্প্রসারিত করবে***

***বিনিয়োগসমূহ মানসিকভাবে অসুস্থ নিউ ইয়র্কবাসীদের সেবাদান করার জন্য ক্রান্তিকালীন ও সমর্থক আবাসন তৈরি করবে; হাসপাতালে ভর্তি ও ডিসচার্জের ব্যাপারে নিয়মানুগ দায়বদ্ধতা তৈরি করবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে মানসিক স্বাস্থ্য সেবার ধারাবাহিকতা ঢেলে সাজানোর এবং পুরো স্টেটজুড়ে মানসিক স্বাস্থ্য চাহিদা পূরণ হচ্ছে না এমন ব্যক্তির সংখ্যা নাটকীয়ভাবে কমিয়ে আনার জন্য তার সার্বিক 1 বিলিয়ন মার্কিন ডলারের বহু বছরের পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত ঘোষণা করলেন। গত মাসে 2023 স্টেট অফ দ্য স্টেটের সময় প্রথম পরিকল্পনাটির রূপরেখা প্রদান করে হয় এবং এর উদ্দেশ্য হলো মানসিক স্বাস্থ্য চিকিৎসা পাওয়ার সুযোগকে নাটকীয়ভাবে সম্প্রসারিত করা, অপেক্ষার সময় হ্রাস করা এবং দীর্ঘদিনের স্বল্প বিনিয়োগে ভুগতে থাকা একটি মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থাকে সংশোধন করার জন্য যথাযথ মাত্রার চিকিৎসা নিশ্চিত করা।

"বৈশ্বিক মহামারী সমস্যাটি বাড়িয়ে দিয়ে পরিস্থিতি আরো খারাপ করার পূর্বেও নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থা চাপগ্রস্ত এবং দীর্ঘদিনের স্বল্প বিনিয়োগে ভুগছিলো," **গভর্নর হোকল বলেন।** "মানসিক অসুস্থতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীদের এমন একটি ব্যবস্থা প্রাপ্য যা তাদের প্রয়োজনের সাথে মানানসই ও এর সাড়াদান করে। ক্রান্তিকালীন ও সমর্থক আবাসন তৈরি থেকে শুরু করে আউটপেশেন্ট সেবার ক্ষেত্রে আমাদের সার্বিক নেটওয়ার্ক সম্প্রসারণ করা পর্যন্ত, এই সাহসী পরিকল্পনাটির উদ্দেশ্য হলো আমাদের স্টেটের সকলে যাতে উচ্চমানের মানসিক স্বাস্থ্য সেবা পেতে পারে তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় তহবিল ও সংস্থান প্রদান করা।"

এই পরিকল্পনায় রয়েছে মানসিকভাবে অসুস্থ নিউ ইয়র্কবাসীদের জন্য 3,500 নতুন আবাসিক ইউনিট স্থাপন ও পরিচালনা করার জন্য 890 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল এবং 120

মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা তহবিল। এই ইউনিটগুলির মধ্যে থাকবে 500টি সম্প্রদায়ভিত্তিক একক কক্ষের থাকার ইউনিট, যেখানে মানসিকভাবে মারাত্মক অসুস্থ গৃহহীনতার সর্বোচ্চ ঝুঁকিতে থাকা ব্যক্তিদের জন্য আবাসন ও নিবিড় সেবা থাকবে; 900টি ক্রান্তিকালীন স্টেপডাউন ইউনিট; মাধ্যমিক মাত্রার সেবার প্রয়োজন থাকা ব্যক্তিদের জন্য 600টি লাইসেন্সেস করা অ্যাপার্টমেন্ট ইউনিট।

এছাড়াও এই বরাদ্দের মাধ্যমে 1,500 সমর্থক আবাসন ইউনিট অর্থায়িত হবে, যেগুলি মানসিকভাবে মারাত্মক অসুস্থ ব্যক্তি যাদের চাহিদা অত তীব্র নয় কিন্তু যাদের সম্প্রদায়ে বাস করতে সমর্থন প্রয়োজন হয়। পাশাপাশি, এই পরিকল্পনায় রয়েছে ইনপেশেন্ট চিকিৎসা থেকে স্থানান্তরিত হওয়া, পূর্বে গৃহহীন থকা ব্যক্তিদের জন্য নিউ ইয়র্ক সিটিতে 60টি সম্প্রদায়ের স্টেপডাউন আবাসন ইউনিটের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল এবং 7.3 মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা তহবিল।

আউটপেশেন্ট সেবা নাটকীয়ভাবে সম্প্রসারিত করার জন্য গভর্নর হোকল 60 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল এবং 121.6 মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা তহবিলের প্রস্তাব করেছেন। এর মধ্যে রয়েছে হাসপাতাল মাত্রার সঙ্কটকালীন চিকিৎসা প্রদানকারী 12টি নতুন সার্বিক মনস্তাত্ত্বিক জরুরি কর্মসূচি স্থাপন করা; নিউ ইয়র্কের প্রত্যয়িত সম্প্রদায়ের আচরণগত স্বাস্থ্য ক্লিনিকের (Certified Community Behavioral Health Clinics) সংখ্যা তিনগুণ করে 13 থেকে 39 করা, যারা সকল বয়স ও বীমা দশার নিউ ইয়র্কবাসীদের জন্য ওয়াক-ইন, তাৎক্ষণিক সমন্বিত মানসিক স্বাস্থ্য ও মাদক ব্যবহার ব্যাধির সেবা প্রদান করবে; 42টি বাড়তি অ্যাসার্টিভ কমিউনিটি চিকিৎসা (Assertive Community Treatment, ACT) দল তৈরি যারা সবথেকে ঝুঁকিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদেরকে অস্থাবর, উচ্চ তীব্রতার সেবাদান করবে এবং আটটি নিরাপদ বিকল্প সমর্থন (Safe Options Support, SOS) দল তৈরি, যার পাঁচটি নতুন দল থাকবে নিউ ইয়র্ক সিটিতে এবং তিনটি স্টেটের বাকি অংশে, যারা মানসিক অসুস্থতা ও মাদক ব্যবহার ব্যাধিসহ গৃহহীন জনগোষ্ঠীর জন্য আউটরিচ ও সংযোগ প্রদান করবে; এবং 20টি সম্প্রসারিত ধারণক্ষমতার আর্টিক্যাল 31 মানসিক স্বাস্থ্য ক্লিনিক যারা সর্বাপেক্ষা দুঃস্থ নিউ ইয়র্কবাসীদের সেবাদান করবে, যারা প্রায়শই স্টেটজুড়ে সম্প্রদায়গুলির জন্য একটি ফ্রন্ট-ডোর মানসিক স্বাস্থ্য সেবা হিসেবে কাজ করে।

এছাড়াও পরিকল্পনায় রয়েছে হাসপাতালগুলির জন্য দায়িত্বশীলভাবে চিকিৎসার প্রয়োজন থাকা রোগীদের ভর্তি করানো আবশ্যিক করা, এবং মূল্যায়নের জন্য নতুন সার্বিক আদর্শ থাকবে ও নতুন প্রটোকল কার্যকরভাবে ব্যবহার করা নিশ্চিত করতে স্টেট পর্যায়ে তত্ত্বাবধান বৃদ্ধি করা হবে। ডিসচার্জ পরিকল্পনার এই নতুন আবশ্যিকতাগুলির সাফল্য নিশ্চিত করতে 28 মিলিয়ন মার্কিন ডলারের একটি বিনিয়োগ 50টি নতুন সঙ্কটকালীন সময়ের হস্তক্ষেপ সমন্বয় (Critical Time Intervention, CTI) দল গঠন করবে যাতে ডিসচার্জ হওয়া রোগীদেরকে আবাসন থেকে শুরু করে চাকরির সমর্থন পর্যন্ত র‍্যাপঅ্যারাউন্ড সেবা প্রদানে সাহায্য করবে।

পাশাপাশি, 2.8 মিলিয়ন মার্কিন ডলারের একটি বিনিয়োগ মানসিকভাবে মারাত্মক অসুস্থ প্রাপ্তবয়স্কদের জন্য পিয়ারভিত্তিক আউটরিচ ও জড়িতকরণ প্রদান করার জন্য নিবিড় ও টেকসই জড়িত করার চিকিৎসা (Intensive and Sustained Engagement Treatment)

কর্মসূচিকে সম্প্রসারিত করবে। পরিকল্পনাটি ব্যক্তিগত অবস্থানে স্থাপন এবং সমর্থন (Individual Placement and Supports) কর্মসূচিতে 3.3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে যা নিশ্চিত করবে মানসিকভাবে অসুস্থ প্রাপ্তবয়স্কদের জন্য সমর্থিত চাকরির এই প্রমাণভিত্তিক আদর্শের ব্যবহার যাতে মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) সম্প্রসারিত করতে পারে।

আচরণগত স্বাস্থ্য সেবার ক্ষেত্রে বীমার আওতার শূন্যস্থান পূরণ করে গভর্নর হোকল বিধিমালা অগ্রসর করবেন এবং প্রাপ্তবয়স্ক ও শিশু উভয়ের ক্ষেত্রে মেডিকেল সংক্রান্ত কারণে প্রয়োজনীয়, উচ্চ চাহিদার, তীব্র ও সঙ্কটপূর্ণ মানসিক স্বাস্থ্য সেবার অ্যাক্সেস প্রদান করতে অস্বীকার করা বীমা কোম্পানিগুলির জন্য নিষিদ্ধ করবেন। পাশাপাশি, গভর্নর হোকল এমন বিধিমালা উপস্থাপন করবেন যা বাণিজ্যিক বীমা প্রদানকারীদের জন্য উচ্চতর হারে পরিশোধকৃত মেডিকেইড (Medicaid) হারের সমান পর্যায়ে স্কুলভিত্তিক সেবার ব্যয় পরিশোধ করা আবশ্যিক করবে, যাতে সকল শিশুর জন্য যথাসময়ে সেবা পাওয়ার সুযোগ নিশ্চিত করা যায়।

পাশাপাশি, গভর্নর হোকল আচরণগত স্বাস্থ্য সেবার জন্য অ্যাপয়েন্টমেন্ট উপলভ্যতা ও ভৌগলিকভাবে অ্যাক্সেসিবিলিটি গ্রহণ করার প্রস্তাব করছেন। এর জন্য প্রয়োজন হবে আচরণগত স্বাস্থ্যের টেলিহেলথ সেবার ক্ষেত্রে মূল্য পরিশোধে সমতা এবং স্টেটের সমতার আইন লঙ্ঘনের ক্ষেত্রে বীমাকৃতদের জন্য OMH নির্ধারিত মেডিকেলে প্রয়োজনীয়তা নির্ণায়ক ব্যবহার করা এবং মামলার অনুমোদন প্রদান করা আবশ্যিক করা।

এছাড়াও গভর্নর হোকল স্কুলভিত্তিক স্যাটেলাইট ক্লিনিকগুলির জন্য মেডিকেইড পরিশোধের হার বৃদ্ধি করার মাধ্যমে স্কুলগুলিতে মানসিক স্বাস্থ্য সেবার একটি 20 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণ করার প্রস্তাব করেছেন এবং স্কুল ভিত্তিক র‍্যাপঅ্যারাউন্ড সেবা বৃদ্ধির জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার প্রস্তাব দিয়েছেন, যার মধ্যে থাকবে নতুন ও সম্প্রসারিত স্কুল সেবার কর্মকাণ্ড দ্রুত শুরু করে দেওয়ার জন্য প্রয়োজনীয় স্টার্টআপ অর্থায়ন প্রদান করতে একটি বার্ষিক বিনিয়োগ। এছাড়াও পরিকল্পনায় থাকবে হেলদিস্টেপস কর্মসূচিকে এবং বাসভিত্তিক সঙ্কট হস্তক্ষেপ দলকে অগ্রসর করার জন্য 12 মিলিয়ন মার্কিন ডলার এবং উচ্চ ঝুঁকিগ্রস্ত তরুণদের লক্ষ্য করে আত্মহত্যা প্রতিরোধ কর্মসূচির জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার।

**নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন,** "গভর্নর হোকলের নির্বাহী বাজেটে এমন প্রস্তাবনা ও সংস্থান অন্তর্ভুক্ত করা হয়েছে যা স্টেটের আচরণগত স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে এমন উপায়ে সম্প্রসারিত, বিলিয়ন ও পুনর্জীবিত করবে যা বিগত বছরগুলিতে সম্ভব হয়নি। এটি আমাদেরকে নতুন পলিসি ও কর্মসূচি প্রদান করে যা আবাসনের এবং আউটপেশেন্ট ও ইনপেশেন্ট সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে এবং স্কুলভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক সম্প্রসারিত করতে, স্বাস্থ্যসেবা খাতে বর্ণসংক্রান্ত অসমতা হ্রাস করতে এবং মানসিক স্বাস্থ্য সেবার ক্ষেত্রে বীমার আওতার শূন্যস্থান পূরণ করতে আমাদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা প্রদান করবে। সকল নিউ ইয়র্কবাসীর জন্য মানসিক স্বাস্থ্যসেবার ধারাবাহিকতা জোরদার করতে গভর্নর হোকলের ঐতিহাসিক প্রতিশ্রুতির জন্য আমি তার প্রশংসা করছি।"

গভর্নর হোকল মন্টিফর মেডিকেল সেন্টারের (Montefiore Medical Center) আলবার্ট আইনস্টাইন মেডিসিন কলেজ (Albert Einstein College of Medicine) পরিদর্শনের সময় নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য চিকিৎসার ধারাবাহিকতা সংশোধন করার জন্য তার পরিকল্পনা নিয়ে আলোচনা করেন। মন্টিফর হেলথ সিস্টেম (Montefiore Health System) হলো স্টেটের অল্প কিছু হাসপাতাল ব্যবস্থার মধ্যে কেটি যারা কোভিড-19 জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় তাদের সকল মনস্তাত্ত্বিক শয্যা কার্যকর রেখেছিলো।

জনস্বাস্থ্য জরুরি অবস্থা চলাকালে নিউ ইয়র্ক এই হাসপাতালগুলিকে পরিচালনাকারী সিদ্ধান্ত গ্রহণ করতে দিয়েছিলো যার ফলে তাদের অনেকেই মেডিকেল/সার্জিক্যাল শয্যার চাহিদার সামাল দিলে ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক শয্যা অফলাইন করে দিয়েছে। এর মধ্যে প্রায় 850টি শয্যা, যার মধ্যে নিউ ইয়র্ক সিটির 450টি অন্তর্ভুক্ত, এখনো অফলাইনই আছে, যদিও স্টেটের জনস্বাস্থ্য জরুরি অবস্থা 2021 সালে শেষ হয়ে গেছে এবং ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক সেবার চাহিদা ক্রমবর্ধমান।

নতুন বিধিমালা স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসকে অনুমতি দিবে যে তারা আর্টিকেল 28 সম্প্রদায়ের হাসপাতালগুলিকে তাদের পরিচালনা প্রত্যয়নে উল্লিখিত মনস্তাত্ত্বিক শয্যার সংখ্যা মেনে না চললে, প্রতিদিনের লঙ্ঘনের জন্য 2,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা করতে পারবে। এছাড়াও গভর্নর হোকলের পরিকল্পনা ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক শয্যা সংখ্যা বৃদ্ধি করার জন্য 18 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল এবং 30 মিলিয়ন মার্কিন ডলার পরিচালনা তহবিল প্রদান করবে, যেখানে থাকবে স্টেট পরিচালিত মনস্তাত্ত্বিক হাসপাতালগুলিতে 150টি নতুন প্রাপ্তবয়স্কদের শয্যা নিয়ে আসা, যা হবে কয়েক দশকের মধ্যে এই ফ্যাসিলিটিগুলিতে হওয়া সর্ববৃহৎ সম্প্রসারণ।

988 আত্মহত্যা ও সঙ্কটকালীন লাইফলাইনের (988 Suicide and Crisis Lifeline) সমর্থনে গভর্নর হোকলের পরিকল্পনা অতিরিক্ত 60 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে, যা বিগত বাজেটের তুলনায় 25 মিলিয়ন মার্কিন ডলার বেশি। কর্মীবাহিনীকে সমর্থন করার জন্য পরিকল্পনাটি মানসিক স্বাস্থ্য অফিসের সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য ঋণ পুনরায় পরিশোধ কর্মসূচির (Community Mental Health Loan Repayment Program) জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে, লাইসেন্স করা মানসিক স্বাস্থ্য পেশাদারদের যোগ করার জন্য কর্মসূচিটির যোগ্যতার নির্ণায়ক সম্প্রসারিত করবে এবং 2023 সালে কর্মসূচিটি শুরু করার সময় মনোরোগ বিশেষজ্ঞ এবং মনোরোগ সম্পর্কিত নার্স প্র্যাকটিশনিয়ারদের জন্য প্রদত্ত 9 মিলিয়ন মার্কিন ডলারের উপর ভিত্তি করে অগ্রসর হবে।

গভর্নর একটি যোগ্য মানসিক স্বাস্থ্য অ্যাসোসিয়েট (Qualified Mental Health Associate) ক্রেডেনশিয়াল তৈরির জন্য বিধিমালা উপস্থাপন করবে যা মানসিক স্বাস্থ্য প্যারাপ্রফেশনালদের জন্য ক্যারিয়ারের একটি মই প্রদান করবে, তাদেরকে আরো স্বাধীনভাবে কাজ করতে এবং OMH অর্থায়িত ও লাইসেন্সকৃত ক্ষেত্রে মান ও উপলভ্যতা বৃদ্ধি করতে দিবে। পাশাপাশি, গভর্নর হোকল 2.5 শতাংশ জীবনযাপনের ব্যয় সামঞ্জস্যের (cost of living adjustment, COLA) প্রস্তাব করেছেন, এ নিয়ে দ্বিতীয় বছরের মতো তিনি তার বাজেটে একটি COLA অন্তর্ভুক্ত করলেন এবং

এইসব অতি গুরুত্বপূর্ণ কর্মসূচি ও কর্মীদের প্রতি তার সমর্থন বৃদ্ধি করার প্রতিশ্রুতি প্রদর্শন করলেন।

**স্টেট সিনেটর নাথালিয়া ফার্নান্ডেজ বলেন,** "মানসিক স্বাস্থ্যের জন্য গভর্নরের বাজেট প্রস্তাবনাগুলি সমস্যাটির সাথে মানানসই গাম্ভীর্যের প্রতিফলন যা অনেক দিন আগেই হওয়া উচিত ছিলো। 2023 সাল থেকে ব্যয়ে যে লক্ষণীয় বৃদ্ধি হবে তা মানসিক পরিচ্ছন্নতা ও মাদক অপব্যবহারের এই অবিচ্ছেদ্য সমস্যাসমূহের জন্য ইতিবাচক ফলাফলের একটি ঢেউ বুনন করে দিবে। আমি গভর্নর হোকলের এই পদক্ষেপ দেখে উৎসাহিত হয়েছি। ভবিষ্যতেও পার্থক্য সৃষ্টি করতে থাকার জন্য আমাদের প্রয়োজন শহর, স্টেট এবং ফেডারেল কর্মকর্তাদের মধ্যকার আন্তঃসরকার সমন্বয় এবং সেই সাথে মানসিক স্বাস্থ্য ও মাদক অপব্যবহার যেসব ক্ষেত্রে মিলে যায় সেসব ক্ষেত্রে একাধিক এজেন্সির মাধ্যমে বর্ধিত তহবিল।"

**ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট ভ্যানেসা এল. গিবসন বলেন,** "অনেক দীর্ঘ সময় ধরে নিউ ইয়র্কের সবথেকে দুঃস্থ ব্যক্তিদেরকে তাদের প্রাপ্য ও সমৃদ্ধির জন্য নিদারুণভাবে প্রয়োজনীয় বলিষ্ঠ মানসিক, আবেগিক ও শারীরিক র‍্যাপঅ্যারাউন্ড সেবা থেকে বঞ্চিত করা হয়েছে। আমরা গভর্নর হোকলের রূপান্তরকারী পরিকল্পনার জন্য কৃতজ্ঞ যা ইনপেশেন্ট মনস্তাত্ত্বিক চিকিৎসার ধারণক্ষমতা 1,000 শয্যা বৃদ্ধি করে এবং একইসাথে আবাসন ইউনিট যোগ করে এবং রোগী সেবার একটি দায়িত্বশীল ব্যবস্থা স্থাপন করার মাধ্যমে এই অবস্থার পরিবর্তন করবে। আমাদের সম্প্রদায়জুড়ে সংগ্রাম করতে থাকা বহু মানুষকে বলীয়ান করতে ও তাদের জন্য নিরাময় নিয়ে আসতে কাজ করবে এমন একটি ব্যাপারে কাজ করার ক্ষেত্রে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই।"

**পরিষদ সদস্য মার্জোরি ভেলাকোয়েজ বলেন,** "মানসিক স্বাস্থ্য একটি জনস্বাস্থ্য সঙ্কট হয়েই আছে, এবং এই সঙ্কট কমাতে গভর্নর হোকলের বিনিয়োগ ব্যক্তিদের জীবন এবং একটি পূর্ণাঙ্গ সম্প্রদায় হিসেবে আমাদের সম্প্রদায়ের উল্লেখযোগ্য উন্নতি করবে। আমাদের শিক্ষার্থীসহ সকল নিউ ইয়র্কবাসীদের আর্থিক প্রতিবন্ধকতার সম্মুখীন না হয়ে মানসিক স্বাস্থ্য সেবার সুযোগ পাওয়া উচিত। আমরা সামনে থেকে এই সঙ্কটের মোকাবেলা করতে পারি এবং করবো এবং এমন সমাধান সনাক্ত করবো যা আমাদের সম্প্রদায়সমূহ ও আমাদের শহরের সত্যিই উপকার করবে।"

**ইউনাইটেড পিপল সার্ভিসেসের (Unique People Services) নির্বাহী পরিচালক ইভেট ব্রিসেট-আন্দ্রে বলেন,** "গভর্নর হোকল ভবিষ্যতের জন্য একটি বাস্তব পরিকল্পনা প্রদান করেছেন যা দুঃস্থ নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণকারী সংগঠনগুলির করা জীবন রক্ষাকারী কাজকে সমর্থন করবে। সম্প্রদায়ভিত্তিক সেবায় এবং সমর্থক আবাসনে তার বিনিয়োগ বহু শিশু, প্রাপ্তবয়স্ক ও পরিবারকে তাদের পূর্ণ সম্ভাবনা বাস্তব করতে এবং তারা যেই সম্প্রদায়কে নিজের বাড়ি বলে সেখানে তাদের সমৃদ্ধি করতে দিবে।"

**মন্টিফোর মেডিকেল সেন্টারের (Montifiore Medical Center) প্রেসিডেন্ট ডাঃ ফিলিপ ওজুয়াহ বলেন,** "গভর্নর হিসেবে তার প্রথম ভাষণে ক্যাথি হোকল সকল নিউ ইয়র্কবাসীর চ্যাম্পিয়ন ও অ্যাডভোকেট হওয়ার প্রতিজ্ঞা করেছিলেন। তার বাজেট প্রস্তাবনা এবং মানসিক স্বাস্থ্য সমস্যা সমাধানে 1 বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি সেই প্রতিশ্রুতি পূরণ করে। তিনি যে

এখানে, মন্টিফোর/আইনস্টাইনে তার পরিকল্পনা উন্মোচন করেছেন এবং আমাদের সম্প্রদায়ের প্রতি তিনি যেই কৃতজ্ঞতা প্রকাশ করেছেন তার জন্য আমি কৃতজ্ঞ।"

**নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অ্যাসোসিয়েশনের (Mental Health Association of New York State) প্রধান নির্বাহী কর্মকর্তা গ্লেন লিবম্যান বলেন,** "গভর্নর হোকল ও কমিশনার সালিভ্যান ভবিষ্যতের জন্য একটি সাহসী মানসিক স্বাস্থ্যের ভিশন তৈরি করেছেন যেখানে আবাসন, তরুণদের মানসিক স্বাস্থ্য ও বীমার সমতা থাকবে। মানসিক স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে জোরদার ও রূপান্তরিত করতে এই প্রতিশ্রুতিকে আমরা ব্যাপকভাবে সমর্থন করছি এবং বাজেট প্রক্রিয়া চলাকালে আমরা আমাদের অগ্রাধিকার নিয়ে গভর্নর ও আইনসভার সাথে কাজ চালিয়ে যাবো।"

**মানসিক অসুস্থতার জাতীয় জোট, নিউ ইয়র্ক স্টেটের (National Alliance on Mental Illness, New York State, NAMI-NYS) অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক শ্যারন হর্টন বলেন,** "মানসিক স্বাস্থ্যকে তার বাজেট প্রস্তাবনায় একটি সত্যিকারের অগ্রাধিকার বানানো এবং তার বাজেট ভাষণে কীভাবে মানসিক স্বাস্থ্য তার পরিবারকে নেতিবাচকভাবে প্রভাবিত করেছে তা নিয়ে কথা বলা উভয়ের জন্য NAMI-NYS গভর্নর হোকলের প্রশংসা করছে। আমাদের শীর্ষ অ্যাডভোকেসি অগ্রাধিকার, যা হলো মানসিক স্বাস্থ্য সমর্থন ও সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করার প্রয়োজন, তার সাথে মিলে যায় এমন পদক্ষেপ অগ্রসর করার জন্য এবং NAMI-NYS এক দশকের বেশি সময় ধরে যেই সুপারিশ করছে তা গ্রহণ করার জন্য NAMI-NYS গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছে। ইনপেশেন্ট ও সম্প্রদায়ভিত্তিক সব উভয়ের অর্থায়ন করার মাধ্যমে মনস্তাত্ত্বিক রোগের বিস্তৃত স্পেকট্রামজুড়ে সকলের জন্য সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করা হলো গভর্নরের পরিকল্পনার সাহসী লক্ষ্য। এছাড়াও হাসপাতালে ভর্তি এবং ডিসচার্জ অনুশীলন উন্নত করার ব্যাপারে, যা নিয়ে NAMI-NYS দীর্ঘদিন ধরেই জোর দিয়েছে, এবং একইসাথে মানুষকে মানসিক স্বাস্থ্য পাওয়া থেকে বিরত রাখে এমন বীমার আওতার ঘাটতি দূর করার জন্য এবং নিউ ইয়র্কের শিশুদের জন্য মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারণ করার লক্ষ্যে গভর্নর যে কাজ করছেন তা দেখে আমরা উৎসাহিত হয়েছি।"

**কনসার্ন ফর ইন্ডিপেন্ডেন্ট লিভিংয়ের (Concern for Independent Living) নির্বাহী পরিচালক র‍্যালফ ফ্যাসানো বলেন,** "মানসিক অসুস্থতা নিয়ে বেঁচে থাকা ব্যক্তিদের সমর্থন করার জন্য এবং চিকিৎসার সম্পূর্ণ ধারাবাহিকতায় তাদের প্রয়োজনীয় সেবা পাওয়া নিশ্চিত করতে গভর্নরের সার্বিক পরিকল্পনার আমরা প্রশংসা করছি। তার উদ্যোগসমূহ ডিসচার্জ হওয়ার পর ব্যক্তিদের সম্প্রদায়ভিত্তিক সেবায় স্থানান্তরিত হওয়া এবং পরিশেষে স্থায়ী সমর্থক আবাসনে যেতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করার মাধ্যমে হাসপাতালে পুনরায় ভর্তি হওয়া কমাতে সাহায্য করবে।"

**কমিউনিটি লিভিং ইনস্টিটিউটের (Institute for Community Living) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জোডি রুডিন বলেন,** "গভর্নর হোকলের পরিকল্পনা সঠিক স্থানে বিনিয়োগ করে, যা হলো প্রতিরোধ থেকে শুরু করে স্থায়িত্ব পর্যন্ত প্রমাণভিত্তিক কর্মসূচি সংলগ্ন ধারাবাহিকতা। এটি বুদ্ধিমত্তার সাথে তরুণদের মানসিক স্বাস্থ্য সেবা, যাদেরকে চিকিৎসা প্রদান করা সবথেকে কঠিন তাদের সমর্থনকারী ACT, SOS এবং CTI কর্মসূচিসমূহকে সমর্থন, এবং

চিকিৎসকের সেরা প্রেসক্রিপশন র‍্যাপঅ্যারাউন্ড সেবাসহ আরো আবাসনের জন্য অর্থায়ন বৃদ্ধি করে।এটি একটি রূপান্তরকারী পরিকল্পনা যা সম্প্রদায়ভিত্তিক, ট্রমা অবগত কর্মসূচির মাধ্যমে মানুষকে সাহায্য করে আমাদেরকে একটি খণ্ডবিখণ্ড ব্যবস্থা থেকে একটি সার্বিক ব্যবস্থায় স্থানান্তর করার ক্ষমতা রাখে।"

**ভাইব্র্যান্ট ইমোশনাল হেলথের (Vibrant Emotional Health) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা কিম্বার্লি এ. উইলিয়ামস বলেন,** "আমরা গভর্নর হোকলের স্টেট বাজেটে মানসিক স্বাস্থ্যের তহবিলে প্রদত্ত মনোযোগ দেখতে পেরে অত্যন্ত কৃতজ্ঞ, নিউ ইয়র্ক স্টেট অনেক ক্ষেত্রে দেশের শীর্ষ অবস্থানে রয়েছে এবং মানসিক স্বাস্থ্য সেবায় এই মাত্রার নজিরবিহীন অর্থায়ন তার আরেকটি উদাহরণ। জাতীয় পদচিহ্নসহ একটি নিউ ইয়র্কভিত্তিক মানসিক স্বাস্থ্য সম্পর্কিত অলাভজনক সংগঠন হিসেবে আমরা আশা করছি যে এই ধরনের তহবিল সম্প্রসারণ স্বাভাবিক হয়ে যাবে এবং আমরা এর পক্ষে কাজ করে যাবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418